

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ১৩/২০১২

সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের প্রতি,

তারিখ : ২৭/০২/২০১২খ্রিঃ

১৫ ফাল্গুন, ১৪১৮ বাংলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-২৬, স্মারক নং- সিইপিজেড/১০৪/বিবিধ/১১-১২/২০০৭২ কাস, তারিখ : ০৯/০২/১২খ্রিঃ সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-
(এম রহমান)
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস (আমদানি), চট্টগ্রাম।

অফিস আদেশ - ২৬

তারিখ - ০৯/০২/১২

“অফিস আদেশ”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেপজার অধীনস্থ সকল ইপিজেড এর শিল্প প্রতিষ্ঠানের আমদানি এবং রপ্তানি পণ্য চালানোর শুদ্ধায়ন কার্যক্রম সিইপিজেডস্থ শুদ্ধায়ন শাখায় সম্পন্ন করা হয়। কিন্তু বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে, শুদ্ধায়ন কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের প্রতিনিধিগণ যথাযথভাবে আমদানি এবং রপ্তানি চালানোর কপিসমূহ জমা প্রদান/দাখিল করেননি।

২। এ কারণে প্রয়োজনীয় সময়ে কোন কোন চালানোর দলিলাদি খুঁজে পাওয়া যায় না। বর্ণিতাবস্থায় সকল আমদানিকারক, রপ্তানিকারক এবং সিএন্ডএফ এজেন্ট পণ্য চালান শুদ্ধায়ন সমাপ্ত হওয়ার সাথে সাথে আমদানি বিল অব এন্ট্রি এবং রপ্তানি শিপিং বিলের কপির সাথে সংযুক্ত শুদ্ধায়নকৃত সকল দলিলাদি দাখিল/জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য যে, আমদানিকৃত পণ্য চালান শুদ্ধায়ন সমাপ্তির পর সংশ্লিষ্ট ইপিজেডস্থ শাখায় আউট পাশ রেজিস্টারে এন্ট্রিপূর্বক সহকারীগণের স্বাক্ষর প্রদানের পর সিএন্ডএফ প্রতিনিধি অন্যান্য সকল কার্যাদি সম্পাদন করবেন। তবে আউট পাশের সাথে সাথে সকল দলিলাদির কপি/ফটোকপি সংশ্লিষ্ট শাখায় জমা প্রদান করতে হবে। আমদানি পণ্য চালানসমূহ আউট পাশ ব্যতিরেকে খালাস করা যাবে না।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ মতিউর রহমান)
অতিরিক্ত কমিশনার অব কাস্টমস্
পক্ষে, কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- সিইপিজেড/১০৪/বিবিধ/১১-১২/২০০৭২ কাস, তারিখ : ০৯/০২/১২খ্রিঃ

পৃষ্ঠা নং - ১৫